

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮০১

সোনামুড়া, ৭ ফেব্রুয়ারি, ২০২৪

সিপাহীজলা জেলায় পরিবেশ বিষয়ক মডেল প্রদর্শনী

সিপাহীজলা জেলার বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে পরিবেশ বিষয়ক মডেল প্রদর্শনী গতকাল অনুষ্ঠিত হয়। নলছড় উচ্চ বিদ্যালয়ে আয়োজিত এই মডেল প্রদর্শনীর উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাপতি পিন্টু আইচ। সিপাহীজলা জেলা শিক্ষা আধিকারিক কার্যালয় এবং নলছড় উচ্চ বিদ্যালয় যৌথভাবে এই প্রদর্শনীর আয়োজন করে। এতে জেলার ৩০টি বিদ্যালয়ের ছাত্রছাত্রী অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে সহকারি সভাপতি পিন্টু আইচ বলেন, পরিবেশ রক্ষায় জল ও বনভূমি সংরক্ষনের পাশাপাশি প্রচুর পরিমাণে গাছ লাগানোর জন্য সবাইকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ, ডিসিএম অনীশ দেবনাথ, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক, বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুব্রত কুমার দেবনাথ প্রমুখ।
